দৈনিক ইনকিলাব

FEB. 10 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাঃ বিঃ সিনেটে সাদা দলের সংখ্যাগরিষ্ঠতা নিশ্চিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** দীর্ঘ ৮ বছর পর ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের শূন্য দু'টি কোটায় ১৫ জন সদস্যকে মনোনীত করা হয়েছে। এর ফলে সিনেটে বিএনপি ও জামায়াত সমর্থিত সাদা দলের সংখ্যাগরিষ্ঠতা নিশ্চিত হল। ১৯৭৩ সালের অধ্যাদেশের ২০ (১) (এইচ) অনুযায়ী অ্যাফিলিয়েটেড কলেজের প্রিন্সিপ্যাল এবং ২০ (১) (আই) অনুযায়ী ১০ জন অ্যাফিলিয়েটেড কলেজ শিক্ষক প্রতিনিধিকে মনোনয়ন দেয়া হয়েছে। গত বুধবার ঢাকা

৪-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## সিনেটে সাদা দল

৮-এর পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের এক সভায় এ মনোনয়ন দেয়া হয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ৭৩ জন সিনেট সদস্যের মধ্যে সাদা দলের সদস্য সংখ্যা হল ৪৩ এবং নীল দলের সিনেট সদস্য ৩০ জন। সিনেট সদস্য মনোনীত পাঁচ কলেজ প্রিন্সিপ্যাল হলেন ঃ প্রিন্সিপ্যাল- ন্যাশনাল কলেজ অব হোম ইকনোমিক্স, প্রিন্সিপ্যাল- ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, প্রিন্সিপ্যাল- বাংলাদেশ মেডিকেল কলেজ, ঢাকা, প্রিন্সিপ্যাল- মেডিকেল কলেজ ফর উইমেন এবং প্রিন্সিপ্যাল- আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ।

১০ জন শিক্ষক প্রতিনিধি হলেন ঃ প্রফেসর মাহমুদুর রহমান, (ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ), ডাঃ মোঃ শাহাদত হোসেন (ডিএমসিএইচ), প্রফেসর সুলতানা জাহান (ডিএমসিএইচ), প্রফেসর আবুল কাসেম খন্দকার (স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ), প্রফেসর মোঃ ফজলুল হক (ডিএমসিএইচ), ডাঃ এ এফ এম সিদ্দিকী (ডিএমসিএইচ), প্রফেসর ডাঃ রেজাউল করিম (পাইওনিয়ার মেডিকেল কলেজ), ডাঃ ফিরোজা সুলতানা (কলেজ অব হোম ইকনোমিক্স) এবং প্রফেসর এম এ মজিদ (ডিএমসিএইচ)। তারা সকলেই তিন বছরের জন্য সিনেট সদস্য মনোনীত হয়েছেন। বিশ্ববিদ্যালয়ের পরবর্তী সিনেট সভা থেকে মেয়াদকাল শুরু হবে।